হবে এ [illegible]

[illegible] পূর্ণ প্রতিযোগিতার বাজারে ফার্ম দীর্ঘকালে যেমন অতিরিক্ত মুনাফা ভোগ করতে পারে না, তেমনি আবার ক্ষতি স্বীকার করেও উৎপাদন চালু রাখে না। কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকু পেয়েই সন্তুষ্ট থাকে। দীর্ঘকালে ফার্মের শিল্পে প্রবেশ এবং বহির্গমনের স্বাধীনতা থাকার জন্যই এরূপ হয়ে থাকে।

ফার্মের দীর্ঘকালীন ভারসাম্যের এই অবস্থাটি 10.9 নং চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হল ঃ

এই চিত্রে LRAC এবং LRMC রেখা দুটি হল দীর্ঘকালীন অবস্থায় ফার্মের গড় ব্যয় এবং প্রান্তিক ব্যয়রেখা। AR এবং MR রেখা হল ফার্মের গড় আয় এবং প্রান্তিক আয়রেখা, পূর্ণ প্রতিযোগিতার ক্ষেত্রে AR = MR হয় বলে AR এবং MR রেখা একই হয়।

চিত্রে PR, $P_1R_1$ এবং $P_2R_2$ হল প্রতিযোগী ফার্মের তিনটি দামরেখা বা গড় আয় রেখা বা প্রান্তিক আয়রেখা। বাজার দাম OP হলে ফার্মটির উৎপাদনের পরিমাণ হয় OQ। কারণ এই পরিমাণ উৎপাদনেই P = MC হচ্ছে। এখানে দামের পরিমাণ হল OP বা QR কিন্তু গড় ব্যয়ের পরিমাণ হল QL। দাম গড় ব্যয় অপেক্ষা অধিক (P > AC) হওয়ায় ফার্মের একক প্রতি অতিরিক্ত মুনাফা হবে LR পরিমাণ। এই অতিরিক্ত মুনাফার লোভে শিল্পে নতুন ফার্মের প্রবেশ ঘটবে। শিল্পে ফার্মে সংখ্যা বৃদ্ধি পাবে। শিল্পের আয়তন সম্প্রসারিত হবে। ফলে বাজারে দ্রব্যের মোট উৎপাদন এবং যোগান বৃদ্ধি পেয়ে দাম হ্রাস পাবে এবং অবশেষে দাম গড় ব্যয়ের সঙ্গে সমান (P = AC) হবে। এই অবস্থায় ফার্ম কোনো অতিরিক্ত মুনাফা অর্জন করতে পারবে না। কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকুই ভোগ করবে। চিত্রে দেখা যায় $OP_1$ বা $Q_1R_1$ দামে এরূপ হয়। এই দামে উৎপাদনের পরিমাণ

হয় $OQ_1$। $OQ_1$ পরিমাণ উৎপাদনে দাম এবং গড় ব্যয় পরস্পর $(P = AC)$ সমান হচ্ছে, উভয়েরই পরিমাণ হল $Q_1R_1$। এই স্তরে গড় ব্যয়ও ন্যূনতম (Minimum) হয়। ফলে দীর্ঘকালীন দাম 'ন্যূনতম গড় ব্যয়' (minimum average cost)-এর সমান হয়।




চিত্র ঃ 10.9

আবার দাম যদি হ্রাস পেয়ে $OP_2$ বা $Q_2R_2$ হয়, তাহলে ফার্মটির উৎপাদনের পরিমাণ হবে $OQ_2$। এই উৎপাদনে গড় ব্যয়ের পরিমাণ হয় $Q_2N$। গড় ব্যয় দামের তুলনায় অধিক $(AC > P)$ হওয়ায় ফার্ম একক প্রতি ক্ষতির পরিমাণ হয় $R_2N$ পরিমাণ। এর ফলে কিছু সংখ্যক ফার্ম শিল্পত্যাগ করে চলে যাবে। শিল্পে ফার্মের সংখ্যা হ্রাস পাবে, উৎপাদন হ্রাস পাবে, বাজারে দ্রব্যের যোগান হ্রাস পাবে এবং অবশেষে দ্রব্যের দাম বৃদ্ধি পেয়ে সর্বনিম্ন গড় ব্যয়ের সমান হবে। সেখানে ফার্মের কোনো ক্ষতি থাকবে না, থাকবে শুধুমাত্র স্বাভাবিক মুনাফাটুকু। সুতরাং দেখা যায় যে, দীর্ঘকালীন অবস্থায় দাম গড় ব্যয় অপেক্ষা কম হলে, দাম বৃদ্ধি পেয়ে অবশেষে গড় ব্যয়ের সমান হয়।

অতএব দেখা গেল যে, পূর্ণ প্রতিযোগিতার বাজারে দীর্ঘকালে ফার্মের শিল্পে প্রবেশের এবং বহির্গমনের অবাধ স্বাধীনতা থাকায় ভারসাম্য অবস্থায় দাম গড় ব্যয় অপেক্ষা বেশি বা কম হতে পারে না। দাম যখন ফার্মের প্রান্তিক ব্যয় এবং গড় ব্যয় উভয়েরই সমান হয় অর্থাৎ $P = MC = AC$ হয় তখনই ফার্মটির ভারসাম্য অবস্থা আসে এবং এই অবস্থায় ফার্মের মোট বিক্রয়লব্ধ আয় (TR) এবং মোট ব্যয় (TC) ও পরস্পর সমান হয়। এই অবস্থাতেই আবার দাম ন্যূনতম গড় ব্যয়ের সমান হয়। এর থেকে আমরা পূর্ণ প্রতিযোগিতার বাজারে ফার্মের দীর্ঘকালীন স্থিতিশীল ভারসাম্য (Stable equilibrium)-এর শর্তটি পাই। সেটি হল ঃ